

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ১৪/২০১৫

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ১৮/০৩/২০১৫খ্রিঃ

৪ চৈত্র, ১৪২১বাংলা

### ২০০৪ সালের পর এসোসিয়েশনে নিবন্ধিত সদস্যদের সি এন্ড এফ টাওয়ার এর লভ্যাংশ অথবা সার্টিফিকেট প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ।

এসোসিয়েশনের সম্মানিত সদস্য/সদস্যদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে, সি এন্ড এফ টাওয়ার নীতিমালা অনুযায়ী ২০০৪ সালের পরে এসোসিয়েশনে নিবন্ধিত সদস্য/সদস্যগণ সি এন্ড এফ টাওয়ারের সার্টিফিকেটের অধিকারী হন নাই। ফলে তাঁরা সি এন্ড এফ টাওয়ারের লভ্যাংশও পান না। যে সকল প্রতিষ্ঠান ২০০৪ সাল বা তার পরে লাইসেন্স প্রাপ্ত হয়ে এসোসিয়েশনের সদস্য/সদস্য হিসেবে নিবন্ধিত হয়েছেন, তাঁদের সম্মানজনকভাবে সি এন্ড এফ টাওয়ারের লভ্যাংশ অথবা সার্টিফিকেট প্রদানের বিষয়ে ১৫/০৯/১৪ইং অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় আলোচনা হয়। উক্ত আলোচনার প্রেক্ষিতে সম্মানিত সদস্য/সদস্যদের মতামত সাপেক্ষে নিম্নলিখিত প্রস্তাবের যে কোন একটি বাস্তবায়নের সুপারিশ করা হয়।

- ১। এসোসিয়েশনের জন্য সংরক্ষিত সি এন্ড এফ টাওয়ারের সার্টিফিকেট এর বিপরীতে প্রাপ্ত লভ্যাংশ সকল বৈধ সদস্য/সদস্যদের নিকট সমহারে বন্টন করা।
- ২। এসোসিয়েশনের জন্য সংরক্ষিত ২৮২১টি সার্টিফিকেট হতে ২০০৪ সালের পরে এসোসিয়েশনের সদস্যপদ গ্রহণকারী প্রতিটি সদস্য প্রতিষ্ঠানকে ১টি সার্টিফিকেট বরাদ্দ করা।

এ প্রেক্ষিতে উপরিউক্ত প্রস্তাবের মধ্যে আপনার বিবেচনায় বাস্তবায়নযোগ্য প্রস্তাবটি অথবা বিকল্প কোন প্রস্তাব থাকলে তা উল্লেখ পূর্বক প্রতিষ্ঠানের লেটারহেডে আগামী ০২/০৪/২০১৫ইং এর মধ্যে এসোসিয়েশন কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। আপনার সুচিন্তিত মতামত গুরুত্বপূর্ণ এ বিষয়টি নিষ্পত্তিতে মূল্যবান ভূমিকা রাখবে।

উল্লেখ্য প্রাপ্ত প্রস্তাব সমূহ পর্যালোচনা করে পরবর্তী বার্ষিক সাধারণ সভা কিংবা বিশেষ সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক